

📃 আন-নাজম | An-Najm | ٱلنَّجْم

আয়াতঃ ৫৩:৬১

💵 আরবি মূল আয়াত:

وَ اَنتُم سُمِدُونَ ﴿٢٩﴾

আর তোমরা তো গাফিল। — আল-বায়ান

বৃথা খেল-তামাশায় সময় ক্ষেপন করছ, — তাইসিকল

তোমরাতো উদাসীন, _ মুজিবুর রহমান

While you are proudly sporting? — Sahih International

৬১. আর তোমরা উদাসীন(১),

(১) سمود এর আভিধানিক অর্থ উদাসিনতা, গাফিলতি ও নিশ্চিন্ততা। এর অপর অর্থ গানবাজনা করা। এস্থলে এই অর্থও হতে পারে। মক্কার কাফেররা কুরআনের আওয়াজকে স্তব্ধ করতে ও মানুষের দৃষ্টি অন্যদিকে ফিরিয়ে দেয়ার জন্য জোরে জোরে গান বাদ্য শুরু করতো। এখানে সেদিকেই ইংগিত দেয়া হয়েছে। কাতাদা এর অর্থ করেছেন مُعْرِضَوُنَ বা উদাসীন। আর সায়ীদ ইবনে জুবাইর অর্থ করেছেন مُعْرِضَوُنَ বা বিমুখ। [কুরতুবী; ফাতহুল কাদীর]

তাফসীরে জাকারিয়া

(৬১) তোমরা তো উদাসীন।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/guran/link/?id=4845

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন